

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কুতুবদিয়া, কক্সবাজার।

শারদীয় দুর্গাপূজা- ২০২১ উদযাপন উপলক্ষে অনুষ্ঠিত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী

সভাপতি	:	মো: নুরের জামান চৌধুরী উপজেলা নির্বাহী অফিসার কুতুবদিয়া, কক্সবাজার।
সভার স্থান	:	উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, কুতুবদিয়া।
সভার তারিখ ও সময়	:	০৫.১০.২০২১ খ্রিস্টাব্দ, দুপুর : ১১.০০ টা
উপস্থিতি	:	পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতে শারদীয় দুর্গোৎসব-২০২১ যথাযথ উৎসাহ-উদ্দীপনার মাধ্যমে উদযাপনের লক্ষে ধর্মীয় সম্প্রীতি, পরস্পরের প্রতি শ্রদ্ধা প্রদর্শন, আইন-শৃংখলা পরিস্থিতি স্বাভাবিক রাখা ও কোভিড-১৯ পরিস্থিতিতে স্বাস্থ্যবিধি মেনে চলার বিষয়ে গুরুত্বারোপ করেন। আসন্ন শারদীয় দুর্গাপূজা আগামী ১১ অক্টোবর হতে ১৫ অক্টোবর ২০২১ খ্রিস্টাব্দ পর্যন্ত যথাযোগ্য মর্যাদা ও শান্তিপূর্ণভাবে উদযাপনের জন্য সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন।

উপজেলা পূজা উদযাপন পরিষদের সভাপতি এ বছরের ইউনিয়ন ভিত্তিক দুর্গাপূজা মন্ডপের একটি চিত্র তুলে ধরেন।

ক্রমিক	ইউনিয়নের নাম	২০২১ সালে পূজা মন্ডপের সংখ্যা			২০২০ সালে পূজা মন্ডপের সংখ্যা		
		প্রতিমা পূজা	ঘট পূজা	মোট	প্রতিমা পূজা	ঘট পূজা	মোট
০১	উত্তর ধুরুং	০১	০২	০৩	০১	০২	০৩
	দক্ষিণ ধুরুং	০৩	০৯	১২	০৩	০৯	১২
	লেমশীখালী	০১	০১	০২	০১	০১	০২
	কৈয়ারবিল	০	০২	০২	০	০২	০২
	বড়ঘোপ	০৬	১৫	২১	০৭	১২	১৯
	আলী আকবর ডেইল	০১	০৩	০৪	০	০৩	০৩
	সর্বমোট	১২	৩২	৪৪	১২	২৯	৪২

সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

ক্রমিক	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়ন
১	পূজায় শান্তিপূর্ণ সহাবস্থান	জুমার নামাজের খুতবায় পূজার সময় শান্তিপূর্ণ সহাবস্থানের জন্য মসজিদের ইমামগণ ধর্মপ্রাণ মুসল্লিদের আহ্বান জানাবেন। এ বিষয়ে উপজেলা ইমাম সমিতির সভাপতি/সম্পাদক, ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন নির্দেশনা সম্বলিত পত্র উপজেলার প্রত্যেকটি মসজিদের ইমামগণের নিকট প্রেরণ করবেন।	বাস্তবায়ন ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, কুতুবদিয়া সভাপতি/সম্পাদক উপজেলা ইমাম সমিতি, কুতুবদিয়া
২	আইন-শৃংখলা রক্ষা ও প্রয়োজনীয় নিরাপত্তা প্রদান	ক) শারদীয় দুর্গোৎসব চলাকালীন সময়ে সার্বিক আইন-শৃংখলা স্বাভাবিক রাখতে অফিসার ইনচার্জ, কুতুবদিয়া থানা প্রয়োজনীয় সংখ্যক পুলিশ ফোর্স নিয়োগ করবেন। খ) উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা (ভারপ্রাপ্ত), কুতুবদিয়া পূজা মন্ডপের নিরাপত্তার জন্য প্রয়োজনীয় সংখ্যক আনসার সদস্য নিয়োগ করবেন।	অফিসার ইনচার্জ, কুতুবদিয়া থানা উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা(ভারপ্রাপ্ত), কুতুবদিয়া

চলমান পাতা-২

